

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
প্রশাসন অনুবিভাগ  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)



৪৫.১১০.০২.০০.০০.০১.২০২০-৩২২

তারিখঃ ১৯.০৪.২০২০খ্রি.

**বিষয়ঃ** করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের আবাসনের ব্যবস্থাসহ চিকিৎসা বিষয়ক সার্বিক প্রস্তুতি গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে করোনা সংক্রমণ প্রতিরোধে ও নিয়ন্ত্রণে সরকার কর্তৃক প্রয়োজনীয় পদক্ষেপ গৃহীত হয়েছে এবং হচ্ছে। এ পরিপ্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলেই নিরলসভাবে তাঁদের দায়িত্ব পালন করছেন। উল্লেখ্য, করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য

- পৃথক হাসপাতাল/কেন্দ্র
- চিকিৎসক নার্স এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের পরিবহনের জন্য যানবাহন
- রোগীদের জন্য এ্যাম্বুলেন্স
- চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য পর্যাপ্ত সংখ্যক PPE
- ঔষধ, ভেন্টিলেটর,
- লাশ পরিবহনের জন্য ব্যাগ প্রভৃতি প্রস্তুত রাখা জরুরী।

এ বিষয়ে করোনা সংক্রমণ প্রতিরোধ কমিটির সাথে আলোচনাক্রমে সিভিল সার্জন যথাযথ ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রয়োজনীয় সহযোগিতার জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়কে অবহিত করবেন।

০২। বিশেষভাবে উল্লেখ্য, স্বাস্থ্য সুরক্ষা তথা সজনিরোধ নিশ্চিতকরণের অনিবার্য প্রয়োজনে পারিবারিক সদস্যদের সাথে নিজ বাসস্থানে অবস্থান করে চিকিৎসার কাজে নিয়োজিত থাকা সমীচীন হবে না বিধায় তাঁদের জন্য সামাজিক দূরত্ব বজায় রেখে ভিন্ন কোন স্থানে অবস্থানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এ প্রেক্ষাপটে তাঁদের আবাসনের জন্য প্রয়োজনীয় সংখ্যক উপযোগী ভবন/আবাসিক কেন্দ্র/হোটেল ইত্যাদি রিকুইজিশন করা আবশ্যিক হতে পারে।

০৩। বর্ণিতাবস্থায়, করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য পৃথক হাসপাতাল ভবন/কেন্দ্র, চিকিৎসক, নার্স এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের পরিবহনের জন্য যানবাহন, রোগীদের জন্য এ্যাম্বুলেন্স, চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য পর্যাপ্ত সংখ্যক PPE, ঔষধ, ভেন্টিলেটর, লাশ পরিবহনের জন্য ব্যাগ প্রভৃতি প্রস্তুত রাখা এবং করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত চিকিৎসক, নার্স ও সংশ্লিষ্ট ব্যক্তিগণের আবাসনের জন্য প্রয়োজন অনুসারে ভবন/আবাসিক কেন্দ্র/হোটেল ইত্যাদি রিকুইজিশনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

#### রিকুইজিশনের ক্ষেত্রে প্রযোজ্য বিষয়ঃ

- (ক) জেলা প্রশাসকগণ করোনা সংক্রমণ প্রতিরোধে গঠিত কমিটির সাথে আলোচনাক্রমে প্রয়োজন ও উপযোগিতার বিচেনায় হোটেল/ভবনের সংখ্যা নির্ধারণ এবং করোনা আক্রান্ত রোগীদের চিকিৎসার জন্য পৃথক হাসপাতাল ভবন/কেন্দ্র, পরিবহনের জন্য যানবাহন ও এ্যাম্বুলেন্সের ব্যবস্থা গ্রহণ করবেন।
- (খ) রিকুইজিশনকৃত হোটেল/ভবনের রিকুইজিশনকালীন ইউটিলিটি বিলসমূহ সরকার কর্তৃক পরিশোধ করা হবে।
- (গ) সরকার কর্তৃক নির্ধারিত হারে খাওয়া বাবদ খরচ সরকার বহন করবে।
- (ঘ) হোটেল/ভবন কর্তৃপক্ষ প্রয়োজনীয় সহায়ক জনবল ও অন্যান্য সার্বিক সহযোগিতা প্রদান করবে।

- (ঙ) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক নির্ধারিত হারে ইউটিলিটি, খাবার বিল পরিশোধ করা হবে।
- (চ) রিকুইজিশন সংক্রান্ত তথ্যাদি জনাব তপন কুমার বিশ্বাস, যুগ্মসচিব (পার), স্বাস্থ্য সেবা বিভাগ এর নিকট প্রেরণ করবেন (মোবাইল: ০১৭১১-১৯৬৭৪১, E-mail: [per@hsd.gov.bd](mailto:per@hsd.gov.bd), [tapanswas6442@gmail.com](mailto:tapanswas6442@gmail.com))।



(শামীমা নাসরীন)

উপসচিব (পার-১)

ফোনঃ ৯৫৭৭৯৮৪

e-mail: [per1@hsd.gov.bd](mailto:per1@hsd.gov.bd)

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।/মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
০৭. বিভাগীয় কমিশনার (সকল)।
০৮. উপ মহাপুলিশ পরিদর্শক (সকল)
০৯. পুলিশ কমিশনার (সকল)
১০. যুগ্মসচিব (প্রশাসন/পার/বাজেট/উন্নয়ন), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১১. পরিচালক (প্রশাসন), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১২. পরিচালক (হাসপাতাল ও ক্লিনিকসমূহ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৩. পরিচালক (সকল), কোভিড-১৯ এর জন্য ডেডিকেটেড হাসপাতালসমূহ।
১৪. বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য) (সকল)
১৫. পুলিশ সুপার (সকল)
১৬. সিভিল সার্জন (সকল)
১৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৮. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
১৯. সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয় ও স্বাস্থ্য সেবা বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।